



মির্জা আব্বাসকে সিঙ্গাপুর থেকে মালয়েশিয়ার হাসপাতালে স্থানান্তর



বিএনপির স্থায়ী কমিটির সদস্য ও প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা মির্জা আব্বাস। ছবি: সংগৃহীত

সিঙ্গাপুর থেকে মালয়েশিয়ার হাসপাতালে নেওয়া হয়েছে বিএনপির স্থায়ী কমিটির সদস্য মির্জা আব্বাসকে। চিকিৎসকদের পরামর্শে তাকে সিঙ্গাপুর জেনারেল হাসপাতাল থেকে স্থানান্তর করা হয়।

বিএনপির মিডিয়া সেলের সদস্য শায়রুল কবির খান জানিয়েছেন, গত সোমবার তাকে মালয়েশিয়ায় নেওয়া হয় উন্নত চিকিৎসার জন্য। এর আগেই তিনি সিঙ্গাপুরে চিকিৎসাধীন ছিলেন। সেখানে অবস্থার পর্যালোচনার পর পরবর্তী চিকিৎসা মালয়েশিয়ায় নেওয়ার সিদ্ধান্ত হয়।

এর আগে শারীরিক অবস্থার অবনতি হলে গত ১৫ মার্চ এয়ার অ্যাম্বুলেন্সে করে তাকে ঢাকার এভারকেয়ার হাসপাতাল থেকে সিঙ্গাপুরে নেওয়া হয়। তারও আগে ১১ মার্চ ইফতারের সময় হঠাৎ অসুস্থ হয়ে জ্ঞান হারান তিনি। পরে অবস্থার অবনতি হওয়ায় তাকে হাসপাতালে ভর্তি করা হয়।

LENS ASIA